গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

বিষয়ঃ জাতীয় কর্মসূচীর আলোকে ১৪ ডিসেম্বর ২০১৭ শহীদ বুদ্ধিজীবি দিবস এবং ১৬ ডিসেম্বর ২০১৭ মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ জনাব মনজুরুল কাদের
যুগ্ম-সচিব ও পরিচালক (প্রশাসন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সভার তারিখ ও সময় ঃ ০৭ ডিসেম্বর, ২০১৭ খ্রিঃ, বিকাল ০৩:০০ ঘটিকা
সভার স্থান ঃ অধিদপ্তরের সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বক্তব্যের শুরুতেই তিনি জাতীয় কর্মসূচীর আলোকে ১৪ ডিসেম্বর ২০১৭ শহীদ বুদ্ধিজীবি দিবস এবং ১৬ সিসেম্বর ২০১৭ মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে গৃহীত কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করে পূর্ববর্তী বছরসমূহের অভিজ্ঞতার আলোকে দিবসসমূহ উদযাপনে সকলের সহযোগিতা কামনা করেন।

২। অতঃপর উপস্থিত সদস্যগণ উক্ত আলোচনায় সক্রিয় অংশ গ্রহণ করে তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। সভায় বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

৩। জাতীয় কর্মসূচীর আলোকে ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখ শহীদ বুদ্ধিজীবি দিবস পালনের নিমিত্ত গৃহীত সিদ্ধান্তসমূহঃ

| ক্রঃ | কর্মসূচীর বিষয়ে আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখ শহীদ বুদ্ধিজীবি দিবস পালন উপলক্ষে দিবসটির তাৎপর্য তুলে ধরে বিশেষ আলোচনা অনুষ্ঠান। | ১৪ ডিসেম্বর ২০১৭ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় কারিগরি শিক্ষা অধিদপ্তরে এবং অধিদপ্তরাধীন সরকারী, বেসরকারী, এমপিওভূক্ত ও নন-এমপিও প্রতিষ্ঠানসমূহ উক্ত তারিখে স্ব-স্ব প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে আলোচনা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন সরকারী, বেসরকারী, এমপিওভূক্ত ও নন-এমপিও প্রতিষ্ঠানসমূহ |

৪। জাতীয় কর্মসূচীর আলোকে ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখ মহান বিজয় দিবস পালনের নিমিত্ত গৃহীত সিদ্ধান্তসমূহঃ

| ক্রঃ | কর্মসূচীর বিষয়ে আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখ মহান বিজয় দিবস পালন উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন। | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন সরকারী, বেসরকারী, এমপিওভূক্ত ও নন-এমপিও প্রতিষ্ঠানসমূহ স্ব-স্ব প্রতিষ্ঠান ভবনে ১৬ ডিসেম্বর ২০১৭ তারিখ জাতীয় পতাকা উত্তোলন করবে (সূর্যোদয়ের সাথে সাথে) । | কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অধিদপ্তরাধীন সরকারী, বেসরকারী, এমপিওভূক্ত ও নন-এমপিও প্রতিষ্ঠানসমূহ |
| ০২ | ১৫/১২/২০১৭ এবং ১৬/১২/২০১৭ (উভয় দিন সন্ধ্যা থেকে রাত ০১টা পর্যন্ত) গুরুত্বপূর্ণ ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করণ। | ১৫/১২/২০১৭ এবং ১৬/১২/২০১৭ (উভয় দিন সন্ধ্যা থেকে রাত ০১টা পর্যন্ত) কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন সরকারি, বেসরকারী, এমপিওভূক্ত ও নন-এমপিও, স্বায়ত্বশাসিত ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করতে হবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও অধিদপ্তরাধীন সরকারি, বেসরকারী, এমপিওভূক্ত ও নন-এমপিও, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের স্ব-স্ব কর্তৃপক্ষ। |

৭/১২/১৭

| ক্রঃ | কর্মসূচীর বিষয়ে আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০৩ | ১৬ ডিসেম্বর ২০১৭ জেলা ও উপজেলা সদরে স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20, ক্রিকেট টুর্ণামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব) ফুটবল, কাবাডি ও হাডুডু খেলার আয়োজন। | কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন জেলা ও উপজেলা সদরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ছাত্র-ছাত্রীদের সমাবেশ, ক্রীড়া অনুষ্ঠান, T-20, ক্রিকেট টুর্ণামেন্ট, নৌকা বাইচ (যেখানে সম্ভব) ফুটবল, কাবাডি ও হাডুডু খেলার আয়োজন করতে হবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারী, বেসরকারী, এমপিওভূক্ত ও নন-এমপিও প্রতিষ্ঠানসমূহ |
| ০৪ | ১৬/১২/২০১৭ থেকে ৩১/১২/২০১৭ জাতীয় পর্যায়ে রচনা, বিতর্ক ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন। | কারিগরি শিক্ষা অধিদপ্তরের পক্ষ থেকে ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউটে এবং অধিদপ্তরাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে রচনা, বিতর্ক ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজনসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করতে হবে। | কারিগরি শিক্ষা অধিদপ্তর ও ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউটের যৌথ উদ্যোগে ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউট এবং অধিদপ্তরাধীন সরকারী, বেসরকারী, এমপিওভূক্ত ও নন-এমপিও প্রতিষ্ঠানসমূহ |

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মনজুরুল কাদের)
যুগ্ম-সচিব ও
পরিচালক (প্রশাসন)

স্মারক নং- ৫৭.০৬.০০০০.০০৯.১৮.১৫৪.১৪/৬৮৪(২৫০) তাং- ১০/১২/২০১৭ইং

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/পরিকল্পনা ও উন্নয়ন/ভোকেশনাল/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, স্কিলস এন্ড ট্রেনিং এ্যানহেন্সমেন্ট প্রজেক্ট/১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন প্রকল্প/বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ স্থাপন প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪. অধ্যক্ষ, টিটিটিসি/ভিটিটিআই/ইঞ্জিনিয়ারিং কলেজ/ ............................................ পলিটেকনিক ইনষ্টিটিউট/গ্রাফিক আর্টস ইনষ্টিটিউট/বাংলাদেশ ইনষ্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিক/বাংলাদেশ সার্ভে ইনষ্টিটিউট/কম্পিউটার ইনষ্টিটিউট।
৫. অধ্যক্ষ, ................................ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ।
৬. আঞ্চলিক পরিদর্শক, ...................... অঞ্চল
৭. অধ্যক্ষ, ..................................................................
৮. সহকারী পরিচালক (শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/নিরাপত্তা/ষ্টোর/যানবনাহন/ট্রেনিং/সমন্বয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১০. প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. সংরক্ষণ নথি।